

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্লট নং-এফ/১৮-এ, শেরে বাংলানগর প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা-১২০৭।

বিষয়ঃ জিটিসিএল-এর ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	:	প্রকৌ. রুখসানা নাজমা ইছহাক ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি।
সভার তারিখ	:	২৭-০৭-২০২৩
সভার সময়	:	বেলা ৩.০০ ঘটিকা
স্থান	:	জিটিসিএল কনফারেন্স রুম
উপস্থিতি	:	সংলগ্নী-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা কোম্পানির বার্ষিক কর্মসম্পাদন চুক্তির একটি অবিচ্ছেদ্য অংশ হওয়ায় ২০২৩-২০২৪ অর্থ বছরে এপিএতে উল্লিখিত লক্ষ্যমাত্রাসমূহের বিষয়ে আলোকপাত করার জন্য ফোকাল পয়েন্ট, এপিএ ও উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং) কে নির্দেশ প্রদান করেন। নির্দেশনা অনুযায়ী ফোকাল পয়েন্ট, এপিএতে নির্ধারিত লক্ষ্যমাত্রা ও তা বাস্তবায়নের অগ্রগতি Power Point Presentation এর মাধ্যমে তুলে ধরেন। পরবর্তীতে, সভাপতির অনুমতিক্রমে জিটিসিএল-এর নৈতিকতা কমিটির সদস্য-সচিব/ফোকাল পয়েন্ট, উপ-মহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন) কোম্পানিতে প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ অনুযায়ী ১ম ত্রৈমাসিকের (জুলাই-সেপ্টেম্বর, ২০২৩) লক্ষ্যমাত্রার বিষয়ে আলোকপাত করেন। তিনি শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ অনুযায়ী বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট কর্তৃক কার্য বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে বাস্তবায়িতব্য কার্যক্রম সম্পর্কে বিস্তারিত অবহিত করেন।

বিস্তারিত আলোচনান্তে, সভাপতি নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্টকে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অনুযায়ী বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের সাথে সরাসরি/টেলিফোনে যোগাযোগের মাধ্যমে যথাসময়ে কার্যক্রমসমূহ বাস্তবায়ন নিশ্চিতকরণের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

২। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ২.১। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর, ২০২৩)-এর অগ্রগতি ও বাস্তবায়ন প্রতিবেদন যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে।
- ২.২। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর, ২০২৩)-এর ক্রমিক-১.৩ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী এইচ আর ডিভিশন কর্তৃক ১৫০ জন কর্মকর্তা/কর্মচারী-কে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ২.৩। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর, ২০২৩)-এর ক্রমিক-২.১ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩১-০৭-২০২৩ তারিখের মধ্যে ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা এতদসংশ্লিষ্ট কমিটি কর্তৃক ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।
- ২.৪। কোম্পানির আওতাধীন আঞ্চলিক কার্যালয়/স্থাপনাসমূহে শুদ্ধাচার/নৈতিকতা সংক্রান্ত কার্যক্রম মনিটরিং এর লক্ষ্যে নৈতিকতা কমিটি কর্তৃক ট্রান্সমিশন ডিপার্টমেন্ট চট্টগ্রাম এর অধীনস্থ যেকোন একটি স্থাপনা সরেজমিনে পরিদর্শনরতঃ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সঙ্গে শুদ্ধাচার সংক্রান্ত মতবিনিময় সভা করতে হবে।



২.৫। নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্তৃক শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ অনুযায়ী বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের সাথে সরাসরি/টেলিফোনে যোগাযোগের মাধ্যমে যথাসময়ে কার্যক্রমসমূহ বাস্তবায়ন নিশ্চিত করবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট সকলে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

কার্যব্যবস্থায়ঃ

- সংশ্লিষ্ট ডিভিশন/প্রকল্প/ডিপার্টমেন্ট প্রধান,....., জিটিসিএল।
-সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট,....., জিটিসিএল।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(প্রকৌ. মুখসানা নাজমা ইছহাক)
ব্যবস্থাপনা পরিচালক

ও
সভাপতি, নৈতিকতা কমিটি।

বিতরণঃ

- ১। সকল ডিভিশন প্রধান , জিটিসিএল।
২। ফোকাল পয়েন্ট, এপিএ টিম/ইনোভেশন টিম/সিটিজেন চার্টার/তথ্য অধিকার আইন-....., জিটিসিএল।

অনুলিপিঃ

- ১। উপ-মহাব্যবস্থাপক (আইসিটি), জিটিসিএল।- কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করবেন।
২। উপ-ব্যবস্থাপক (সমস্বয়), ব্যবস্থাপনা পরিচালক-এর দপ্তর, জিটিসিএল।
৩। অফিস কপি।